DS-1
৯.১০.২০২৫

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
দক্ষিণ এশিয়া অনুবিভাগ
দক্ষিণ এশিয়া-২ শাখা
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৪১২.৩৫.৬০০.১৫- ৪৭৬ তারিখঃ ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

**বিষয় : শ্রীলঙ্কার Women's Chamber of Industry and Commerce কর্তৃক আয়োজিতব্য WCIC Prathibhabhisheka Women Entrepreneur Awards 2025- এর জন্য আবেদন প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকাস্থ শ্রীলঙ্কান হাইকমিশন তাদের কূটনৈতিক পত্র (No.: SLHC-BD/TPN/239/2025 File Ref. BD/COM/13, তারিখঃ ২৮ সেপ্টেম্বর ২০২৫) -এর মাধ্যমে জানিয়েছে যে, শ্রীলঙ্কার Women's Chamber of Industry and Commerce (WCIC) নারী উদ্যোক্তাদের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে আগামী জানুয়ারি ২০২৬ -এ কলম্বোতে WCIC Prathibhabhisheka Women Entrepreneur Awards 2025 -এর আয়োজন করতে যাচ্ছে। উক্ত Award অনুষ্ঠানে সার্কভুক্ত দেশসমূহের নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ একটি ক্যাটাগরি রয়েছে। আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও ঢাকাস্থ শ্রীলঙ্কান হাইকমিশন থেকে প্রাপ্ত কূটনৈতিক পত্রটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০২। উল্লেখ্য, ঢাকাস্থ শ্রীলঙ্কান হাইকমিশন থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী আগ্রহী নারী উদ্যোক্তাবৃন্দ বাংলাদেশের স্বীকৃত যেকোন চেম্বারে আবেদন জমা দিতে পারবেন এবং চেম্বারসমূহ -কে প্রাপ্ত আবেদন শ্রীলঙ্কার Women's Chamber of Industry and Commerce (WCIC) বরাবর ইমেইলের মাধ্যমে এবং একই সাথে Hard Copy প্রেরণ করার জন্য ঢাকাস্থ শ্রীলঙ্কান হাইকমিশন অনুরোধ জানিয়েছে। **উক্ত আবেদন সম্পন্ন করার সময়সীমা আগামী ১৫ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত।**

০৩। উক্ত Award অনুষ্ঠানের বিস্তারিত গাইডলাইন **www.wcicsl.lk** ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রয়োজনে Ms. Chithranjali Dissanayake, Chief Executive Officer of WCIC (মোবাইলঃ+94718071163, ইমেইলঃ *wcicsl1@sltnet.lk* , *wcicsrilanka@gmail.com*) -এর সাথে যোগাযোগ করা যাবে।

০৪। বিষয়টি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক (২১ পাতা)**

সচিবের দপ্তর

| | |
|---|---|
| অতি: সচিব (প্রশাসন) | ● জরুরি ব্যবস্থা নিন |
| অতি: সচিব (রপ্তানি) | ● নথিতে দিন |
| অতি: সচিব (আইআইটি) | ● পরীক্ষাপূর্বক ব্যবস্থা নিন |
| অতি: সচিব (এফটিএ) | ● কথা বলুন |
| অতি: সচিব (ডব্লিউটিও) | ● গার্ড ফাইল |
| অতি: সচিব (বাণিজ্য সংগঠন) | ● নথিজাত করুন |
| অতি: সচিব (টিএসএম) | |
| অতি: সচিব (পরিকল্পনা) | |
| একান্ত সচিব | |
| ডায়েরী নম্বর: | |
| তারিখ: | স্বাক্ষর |

৯/১০/২৫


০৭.১০.২০২৫
(তাহসিন বিনতে আনিস)
সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-২)
ফোনঃ +৮৮০১৬৮৮৭৩৮৯৬১
ইমেইলঃ sa2@mofa.gov.bd


সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):**

১। প্রশাসক, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মতিঝিল সি/এ, ঢাকা
২। সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, হাউস-০২ (২য় ও ৩য় তলা), রাস্তা নং-২৩/সি, গুলশান ১, ঢাকা

CamScanner